দৈনিক জনকণ্ঠ

তারিখ 3 JUL 2007 পৃষ্ঠা ৪ কলাম ২



*সাতক্ষীরা : পুলিশ সুপারের কাছে সহপাঠীদের স্মারকলিপি। ডানে র‍্যালি* —জনকণ্ঠ

# বাল্যবিয়ে বন্ধে সহপাঠীদের র‍্যালি ॥ স্মারকলিপি

**স্টাফ রিপোর্টার, সাতক্ষীরা ॥** জেলা শহরের আব্দুল করিম বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের ৮ম শ্রেণীর মেধাবী ছাত্রী হাবিবা সুলতানার বাল্যবিয়ে বন্ধের দাবিতে তার ক্লাসের সহপাঠীরা বৃহস্পতিবার শহরে র‍্যালি বের করে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও পুলিশ সুপারের কাছে স্মারকলিপি দিয়েছে। বৃহস্পতিবার দুপুরে প্রায় ২ কিলোমিটার হেঁটে এসে সহপাঠী ৫০ ছাত্রী উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সাতক্ষীরা পুলিশ সুপারের কাছে তাদের স্বাক্ষরিত স্মারকলিপি জমা দেয়। আজ শুক্রবার এই বিয়ে অনুষ্ঠানের কথা রয়েছে। পুলিশ সুপার মীর্জা আব্দুল্লা হেল বাকী তাৎক্ষণিকভাবে মেয়ের বাবাকে ডেকে বিয়ে বন্ধের নির্দেশ দেয়া হচ্ছে জানালে ছাত্রীরা স্কুলে ফিরে যায়।

## বাল্যবিয়েটি ভেঙ্গে গেল

গোপালগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা জানান : কাশিয়ানী উপজেলা নির্বাহী অফিসারের হস্তক্ষেপে একটি বাল্যবিয়ে বন্ধ হলে গেল। বৃহস্পতিবার এই বিয়ের আয়োজন করা হয়েছিল। জানা গেছে, ফুকরা এমসি একাডেমীর অষ্টম শ্রেণীর ছাত্রী কৃটি খানমের (১৩) সঙ্গে পার্শ্ববর্তী মাটলা গ্রামের জিন্নাত মৃধার ছেলে সকু মৃধার বিয়ের দিন ধার্য ছিল। বিষয়টি কাশিয়ানী উপজেলা নির্বাহী কর্মকর্তা এসএম মাহাবুবুর রহমান জানতে পেরে তিনি এই বাল্যবিয়েটি বন্ধ করতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সায়েন উদ্দিন মিরাজ, সমাজ সেবা অফিসার সমীর মল্লিক ও সাংবাদিক নিজামুল আলম মুরাদকে বিয়ে বাড়িতে পাঠান। দলটি পুলিশ নিয়ে গিয়ে বাল্যবিয়েটি বন্ধ করে।